



**WEST BENGAL STATE UNIVERSITY**  
B.A. Honours 4th Semester Examination, 2022

**BNGACOR08T-BENGALI (CC8)**

Time Allotted: 2 Hours

Full Marks: 50

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।  
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

১। প্রতিটি একক থেকে **একটি** করে মোট **চারটি** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১০×৪ = ৪০ ৩০০ হবে)

**একক-১**

(ক) ‘প্রেমই প্রমীলাকে বীরাস্কনা করেছে’ — ‘মেঘনাদবধ কাব্য’-এর তৃতীয় সর্গ অবলম্বনে মন্তব্যটির যাথার্থ্য বিচার করো। ১০

**অথবা**

(খ) ‘মেঘনাদবধ কাব্য’-এর ষষ্ঠ সর্গের নাম কী? এই নামকরণ যথার্থ হয়েছে কি না যুক্তিসহ বিশ্লেষণ করো। ১+৯ = ১০

**একক-২**

(গ) ‘যেতে নাহি দিব’ কবিতায় জীবনপ্রীতির সঙ্গে বিরহচেতনার যে দ্বন্দ্ব উপস্থাপিত হয়েছে, তার স্বরূপ বুঝিয়ে দাও। ১০

**অথবা**

(ঘ) ‘তুমি বৃক্ষ, আদিপ্রাণ’ — এই উচ্চারণ রবীন্দ্রনাথের কোন্ কবিতায় আছে? বৃক্ষকে যুগযুগান্তরের প্রতিনিধি হিসেবে এই কবিতায় যেভাবে আখ্যায়িত করা হয়েছে, তা কবিতাটি অবলম্বনে ব্যাখ্যা করো। ১+৯ = ১০

**একক-৩**

(ঙ) ‘বনলতা সেন’ কবিতা অবলম্বনে কবির প্রেমচেতনার গূঢ় স্বরূপ পর্যালোচনা করো। ১০

**অথবা**

(চ) ‘আরো এক বিপন্ন বিস্ময়  
আমাদের অন্তর্গত রক্তের ভিতরে  
খেলা করে ;’  
— ‘আট বছর আগের একদিন’ কবিতা অবলম্বনে এই ‘বিপন্ন বিস্ময়’ কী তাৎপর্যে অঙ্কিত হয়ে উঠেছে, তা আলোচনা করো। ১০

একক-৪

(ছ) অমিয় চক্রবর্তীর ‘সংগতি’ কবিতা আশাবাদের ঝংকার — আলোচনা করো। ১০

অথবা

(জ) ‘মালতীবালা বালিকা বিদ্যালয়’ কবিতায় এক সাধারণ মেয়ের ত্রিভুজিক ভালোবাসার যে স্মৃতি রোমন্থন রয়েছে, তার স্বরূপ ব্যাখ্যা করো। ১০

২। যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০) ৫×২ = ১০

(ক) “ক্ষত বক্ষঃস্থল মম, দেখ, নৃপমণি ১+১+৩

রিপু প্রহরণে ; পৃষ্ঠে নাহি অস্ত্রলেখা।”

— বক্তা কে ? কার প্রতি এই উক্তি ? প্রসঙ্গ উল্লেখ করো।

(খ) “রবিহীন মণিদীপ্ত প্রদোষের দেশে ২+৩

জগতের নদী গিরি সকলের শেষে।”

— কবিতা ও মূল কাব্যগ্রন্থের নাম উল্লেখ করো। উদ্ধৃতাংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(গ) ‘সে কেন জলের মতো ঘুরে ঘুরে একা কথা কয়!’ ১+৪

— কোন্ কবিতার অংশ ? প্রসঙ্গসহ ব্যাখ্যা করো।

(ঘ) ‘এখন গঙ্গার তীরে ঘুমন্ত দাঁড়ালে ৫

চিতাকাঠ ডাকে : আয় আয়’

— উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

**N.B. :** Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.

—x—